

## বীজতলা

নিত্য যাদের গর্ভে শুধু অন্ধকার  
নিত্য যাদের গর্ভে রাখা প্যাণ্ডেরা  
সাজায় যারা বিষাক্ত সব পাপের চোখ  
সুর্মা মাখায় এবং বাজায় ম্যাগ্লেলিন

নিত্য তবু ফসল বোনা বীজতলায়  
বীজের মধ্যে সুপ্ত থাকে বিষথলি  
গরম লাভা - স্নোতের মতো জন্ম হয়  
জন্ম থেকে ভাসছে অহর্নিশ জলে

জন্ম থেকেই ওদের মেধা স্বাস্থ্যহীন  
আকার আছে দৈর্ঘ্য কিম্বা প্রস্থ নেই  
ওদের ভাষা তীর কিন্তু সাক্ষেতিক  
জন্ম থেকেই ওদের কোনও রাষ্ট্র নেই

তবুও আজ বিষাক্ত সব সাপের চোখ  
গর্ভাশয়ে মাইন পোঁতে দুঃসহ  
তবুও আজ নিত্যদিন প্যাণ্ডেরায়  
ওদের শান্ত - মৃত্যু হয় নির্মোহ...

চিরঞ্জীব বসু

